

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮৩৭  
আগরতলা, ২২ জুন ২০২২

উপনির্বাচন : আগামীকাল চারটি বিধানসভা  
কেন্দ্রের বেসরকারি ক্ষেত্রে কর্মরতদের সবেতন ছুটি

৬-আগরতলা, ৮-টাউন বড়দোয়ালি, ৪৬-সুরমা (এস সি) এবং ৫৭-যুবরাজনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোটারগণ যাতে সুষ্ঠুভাবে ভোট দিতে পারেন সেজন্য এই চারটি কেন্দ্রের ভোটার যারা রাজ্যের বেসরকারি ক্ষেত্রের অন্তর্গত বিভিন্ন দোকান ও প্রতিষ্ঠান, কারখানা, চা এবং অন্যান্য প্ল্যানটেশানে কর্মরত তাদের জন্য ২৩ জুন কর্মস্থলে সবেতন ছুটি ঘোষণা করতে শ্রমদপ্তরের পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে। শ্রমদপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*